



14217 - হজ্জের মাঝখানে যে নারীর হাযযে হয়েছে এবং তিনি অপেক্ষা করতে পারছেন না

প্রশ্ন

এক নারী হজ্জ করতে এসছেন। হজ্জের ইহরাম করার পর তার তার হাযযে শুরু হয়েছে। তার সাথে মাহরামকে তাৎক্ষণিকভাবে দেশে ফিরে যেতে হচ্ছে। মক্কাতাে সেই নারীর আত্মীয় কেউ নেই। এখন হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

সেই নারী তার মাহরামের সাথে সফর করবেন এবং ইহরাম অবস্থায় থাকবেন। এরপর যখন পবিত্র হবেন তখন মক্কাতাে ফেরত আসবেন। এটি প্রয়োজ্য যদি এই নারী হারামাইনরে দেশে অধিবাসী হন। কেননা তার জন্য ফেরত আসা সহজ। এতে তমেন কোন কষ্ট নেই, পাসপোর্ট ও ইত্যাদির প্রয়োজন নেই। আর যদি তিনি দেশী নারী হন এবং ফেরত আসা তার জন্য কষ্টকর হয় তাহলে তিনি প্যাড পরিধান করবেন (অর্থাৎ তার লজ্জাস্থানের উপর কোন একটা কাপড় বঁধে নবিনে যাতাে করে রক্ত ঝরে মসজিদে দূষিত না হয়) এবং তাওয়াফ-সাই সম্পন্ন করবেন। মাথার চুল ছোট করবেন। এভাবে সেই সফরই তার উমরা সমাপ্ত হয়ে যাবে। কেননা সক্ষেত্রে তার তাওয়াফ করাটা একটা জরুরী অবস্থা। জরুরী অবস্থায় হারাম বিষয় বধি হয়ে যায়।

আর বদায়ী তাওয়াফ করা তার জন্য আবশ্যকীয় নয়। কেননা হাযযেগ্রস্ত নারীর উপর বদায়ী তাওয়াফ আবশ্যকীয় নয়। দলিল হচ্ছে ইবনে আব্বাস (রাঃ) এর হাদিস: তিনি মানুষকে নির্দেশ দিয়েছেন যাতাে করে তাদের সর্বশেষ কর্ম হয় বায়তুল্লাহর সাথে। তবে তিনি হাযযেগ্রস্ত নারীর জন্য শিথিল করেছেন।”

এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যখন জানানো হয়েছিল যে, সাফিয়্যা (রাঃ) ফরয তাওয়াফ সম্পন্ন করেছেন তখন তিনি বলছেন: “তাহলে সে সফর করুক”। এর থেকে প্রমাণিত হয় যে, হাযযেগ্রস্ত নারীর উপর থেকে বদায়ী তাওয়াফ মওকুফ হয়ে যায়। কিন্তু ফরয তাওয়াফ অবশ্যই করতে হবে।

দেখুন শাইখ মুহাম্মদ বনি সালহি আল-উছাইমীনের ফতোয়া, হাযযে বিষয়ক ৬০ নং প্রশ্ন